ঢাকা ওয়াসা

সংযুক্তিঃ ০১। প্রস্তাবিত ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।
সংযুক্তিঃ ০২। প্রস্তাবিত ২০২৫-২৬ ইং অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
সংযুক্তিঃ ০৩। বর্তমান বাজার দর।
সংযুক্তিঃ ০৪। প্রস্তাবিত প্রাক্কলন।

বিষয়ঃ Procurement of Computer Monitor & related items under SKWP কাজটির প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকুপ (বাকী ১ টি নলকুপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষন করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। দৈনিক সকল গভীর নলকুপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৫ (পনেরো) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়। আলোচ্য প্লান্টের সহকারী প্রকৌশলী জনাব সুদিপ্ত কুমার ঘোষ -এর ব্যবহৃত কম্পিউটার মনিটরটি নষ্ট হয়ে গিয়েছে। মনিটরটির মডেল বেশী পুরাতন হওয়ায় মেরামত করা যাচ্ছে না। এছাড়া ডি-নথী ও ই-জিপি কাজের সুবিধার্থে একটি ২৪ ইঞ্চি নতুন মনিটর সংগ্রহ করা প্রয়োজন। সেইসাথে তাহার ব্যবহৃত কম্পিউটার অপারেটিং ধীর গতির এবং সিষ্টেমটি প্রায়শই ক্রাস করে। সেই প্রেক্ষিতে একটি SSD সংযোজন ও নতুন অপারেটিং সিষ্টেম ইন্সটল করা প্রয়োজন।

২। সেপ্রেক্ষিতে উপোরোক্ত মালামালগুলো সংগ্রহ ও নতুন অপারেটিং সিষ্টেম ইন্সটল করার জন্য বর্তমান বাজারদরের ভিত্তিতে (সংযুক্তিঃ ০৩) অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ২৪,৫০০/-(টাকা চব্বিশ হাজার পাঁচশত) মাত্র (সংযুক্তিঃ ০৪)। আলোচ্য কাজটি SKWP এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ০৭ এর 'পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম) খাত (সংযুক্তিঃ ০১) হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৭৭ (সংযুক্তিঃ ০২) হতে নির্বাহ করা হবে।

৩। এমতাবস্থায়, অনুচ্ছেদ ০১ ও অনুচ্ছেদ ০২ এর বর্ণনানুযায়ী প্রিন্টার মেরমত ও অন্যান্য ইকুপমেন্ট ক্রয় করার জন্য আলোচ্য Procurement of Computer Monitor & related items under SKWP কাজের আওতায় সর্বমোট টাঃ ২৪,৫০০/-(টাকা চব্বিশ হাজার পাঁচশত) টাকার প্রাক্কলনটি (সংযুক্তিঃ০৪) অনুমোদনসহ কাজটি PPA-2006 এবং PPR-2008 এর বিধিমালা ৮১ এর (১) ধারা মোতাবেক সরাসরি ক্রয়ের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

যাহা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

SE, WSTP-e

25.04.2025
মোঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

AE
২৭/৪/২৫
সুদীপ্ত কুমার ঘোষ
সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট
ঢাকা ওয়াসা।

২৭/০৪/২৫
মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার- কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

২৭/০৪/2025
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

অনুমোদিত
২৭/০৪/25
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা